অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/17/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL ঘোষণা করলেন যে CORNING 315 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করবে এবং নর্থ কান্ট্রির সেমিকন্ডাক্টর কাঁচ ম্যানুফ্যাকচার করার ফ্যাসিলিটিতে 300টি পর্যন্ত চাকরি তৈরি করবে

নিউ ইয়র্কভিত্তিক ম্যানুফ্যাকচার ক্যান্টনের ফ্যাসিলিটিকে বড় করবে এবং উচ্চমানের চিপস তৈরিতে ব্যবহার করা কাঁচ উৎপাদন করবে

CHIPS Incentives প্রোগ্রামের মাধ্যমে ফেডারেল বিনিয়োগের সাথে মিলে কাজ করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে স্পেশালিটি কাঁচ ও সিরামিক্সের ক্ষেত্রে নিউ ইয়র্কভিত্তিক বিশ্বে শীর্ষদের মধ্যে থাকা Corning Incorporated 315 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করছে এবং আশা করছে যে সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টির ক্যান্টনে (Canton), তাদের ফ্যাসিলিটিতে 130টি পর্যন্ত নতুন ম্যানুফ্যাকচারিং চাকরি এবং 175টি পর্যন্ত নির্মাণ চাকরি তৈরি করতে পারবে। ম্যাটেরিয়াল সাইন্সের শীর্ষ এক ইনোভেটর এবং অঞ্চলের সবথেকে বড় ইন্ডাস্ট্রিয়াল চাকরিদাতাদের মধ্যে একটি, Corning, এর হাই পিউরিটি ফিউজড সিলিকা (High Purity Fused Silica, HPFS) এবং এক্সট্রিম আল্ট্রা লো এক্সপ্যানশন (EXTREME Ultra Low Expansion, ULE) কাঁচ উৎপাদন বাড়াবে, এবং সাইটে ম্যানুফ্যাকচার করার প্রক্রিয়ার একটি সম্পূর্ণ নতুন টেকনোলজিকে স্কেল করবে। HPFS এবং ULE ম্যাটেরিয়ালগুলি হলো ডিপ আলট্রা ভায়োলেট (deep ultraviolet, DUV) এবং এক্সট্রিম আলট্রা ভায়োলেট (extreme ultraviolet, EUV) লিথোগ্রাফি মেশিনের মুখ্য উপাদান, যা অত্যাধুনিক সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচার করার জন্য গুরুত্বপূর্ণ, এবং সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি এবং সাপ্লাই চেইন বড় করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের (New York State) চেষ্টাকে এটি সমর্থন করে।

"170 বছরের বেশি সময় ধরে Corning নিউ ইয়র্ক স্টেটের ম্যানুফ্যাকচারিংয়ের বুননের একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে আছে এবং তারা স্পেশালিটি কাঁচ ও সিরামিক্সের ক্ষেত্রে শীর্ষে আছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Corning-এর মতো ইনোভেটিভ কোম্পানিগুলির কারণে, এবং সেই সাথে এই ইন্ডাস্ট্রিতে নিউ ইয়র্ক যে বিনিয়োগ করেছে তার কারণে আমরা বিকাশমান সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং এবং রিসার্চ ও ডেভেলপমেন্টে (Research & Development, R&D) দেশের মধ্যে শীর্ষেই থাকতে পারবো। এই গতিপথ চালিয়ে যাওয়ার মেধা, ইনফ্রাস্ট্রাকচার

এবং নতুন আবিষ্কারের ক্ষমতা নিউ ইয়র্ক স্টেটের আছে এবং এই অতি গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রিকে গঠন করা, চাকরি তৈরি করা এবং অর্থনৈতিক বিকাশ বাড়ানো আমরা চালিয়ে যাবো।"

Corning Incorporated-এর চেয়ারম্যান এবং CEO Wendell Weeks (ওয়েন্ডেল উইকস) বলেন, "কৌশলী এই বিনিয়োগটি আমাদের N.Y.-এর ক্যান্টনের ফ্যাসিলিটিটিকে বিকাশ চালিয়ে যেতে দিবে এবং নেক্সট জেনারেশন ম্যানুফ্যাকচারিং ক্ষমতা বাড়িয়ে দিতে পারবে যা বিশ্বের সবথেকে আধুনিক মাইক্রোচিপ তৈরি করা লিথোগ্রাফি টুলের জন্য অতি গুরুত্বপূর্ণ ম্যাটেরিয়াল উৎপাদন করে। আধুনিক সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ে এবং নিউ ইয়র্কে চাকরি তৈরির ক্ষেত্রে আমাদের দায়িত্ব পালন করতে পেরে আমরা গর্বিত, এবং স্টেটে আধুনিক ম্যানুফ্যাকচারিংয়ে বিনিয়োগ করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) দীর্ঘস্থায়ী সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ।"

Corning তাদের ক্যান্টনের ফ্যাসিলিটিতে ফ্যাসিলিটি, সরঞ্জাম, কর্মীর জন্য 315 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করবে, যা অতি প্রয়োজনীয় সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং উপাদানের জন্য একটি নির্ভরযোগ্য ডোমেস্টিক সাপ্লাই তৈরি করতে সাহায্য করবে এবং লিথোগ্রাফি সাপ্লাই চেইনে ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) টেকনোলজির নেতৃত্বকে অগ্রসর করবে। কোম্পানির পরিকল্পনা হলো অনসাইটে ইতিমধ্যে যে প্রায় 400 চাকরি আছে তার সাথে আরো 130টি পর্যন্ত নতুন ম্যানুফ্যাকচারিং চাকরি এবং 175টি পর্যন্ত নির্মাণ চাকরি তৈরি করা। 7 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পারফরম্যান্সভিত্তিক Excelsior Jobs প্রোগ্রামের ট্যাক্স ক্রেডিট দিয়ে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কোম্পানির বিকাশকে সমর্থন করছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "নিউ ইয়র্ক স্টেট দেশের সেমিকন্ডাক্টরের পুনরুত্থানের ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে, যার কারণ স্টেটের ইনোভেটিভ অর্থনীতি এবং অতুলনীয় মেধার পাইপলাইনকে বড় করতে গভর্নর Hochul-এর (হোকল) কৌশলী বিনিয়োগ। নর্থ কান্ট্রিতে (North Country) বিনিয়োগ, বিকাশ এবং আরো হাইটেক চাকরি তৈরি করার ব্যাপারে Corning-এর অঙ্গীকার দেখায় যে আমাদের কৌশল কাজ করছে, যা আমরা সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি এবং এর ইকোসিস্টেম গঠন করতে, নতুন চাকরি তৈরি করতে এবং অত্যাধুনিক টেকনোলজি তৈরি করতে গ্রহণ করেছি।"

নিউ ইয়র্ক স্টেটের সমর্থনের সাথে সাহায্য করবে U.S. ডিপার্টমেন্ট অফ কমার্সের (Department of Commerce) CHIPS Incentives প্রোগ্রামের মাধ্যমে পাওয়া 32 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ। এখন পর্যন্ত বরাদ্দ করা 36 বিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবিত ইন্সেন্টিভ তহবিলের মধ্যে CHIPS for America 33 বিলিয়ন মার্কিন ডলার দিয়েছে। Biden-Harris (বাইডেন-হ্যারিস) অ্যাডমিনিস্ট্রেশনের শুরু থেকেই সেমিকন্ডাক্টর এবং ইলেক্ট্রনিক্স কোম্পানিগুলি প্রায় 450 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগের ঘোষণা করেছে, যা অনেক অংশই সরকারি বিনিয়োগের প্রভাবের কারণে হয়েছে।

নিউ ইয়র্কের সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি বিকাশে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতি

গভর্নর হোকল একটি গতিশীল এবং উদ্ভাবনী সেমিকন্ডাক্টর শিল্পের বিকাশের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে একটি আধুনিক অর্থনীতি প্রতিষ্ঠায় দৃঢ় প্রতিশ্রুতি বজায় রেখেছেন। নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণের কেন্দ্র করতে, একবিংশ শতাব্দীর চাকরি তৈরি করতে এবং গুরুত্বপূর্ণ পরিবেশের সুরক্ষা বজায় রাখার পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি শুরু করে দেওয়ার জন্য গভর্নর 2022 সালে নিউ ইয়র্কের ঐতিহাসিক সবুজ CHIPS বিধিমালায় স্বাক্ষর করেন। অর্থবছর 2024 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে, গভর্নরের সেমিকন্ডাক্টর সম্প্রসারণ, ব্যবস্থাপনা, এবং সমন্বয় অফিস (Governor’s Office of Semiconductor Expansion, Management, and Integration, GO-SEMI) তৈরি করতে গভর্নর হোকল 45 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নিশ্চিত করছেন, যা চিপ তৈরির খাত বিকাশ করার জন্য স্টেটব্যাপী প্রয়াসের নেতৃত্ব দিবে। 2023 সালের ডিসেম্বর মাসে, গভর্নর Hochul (হোকল) একটি 10 বিলিয়ন মার্কিন ডলারের সরকারি বেসরকারি পার্টনারশিপ ঘোষণা করেন, যার মধ্যে আছে International Business Machines Corporation (IBM), Micron, Applied Materials, Tokyo Electron এবং সেমিকন্ডাক্টর খাতে শীর্ষে থাকা থেকে অন্যদের থেকে 9 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ, যা Albany NanoTech Complex-এ দেশের প্রথম এবং একমাত্র ইন্ডাস্ট্রির অ্যাক্সেসিবল, হাই NA EUV লিথোগ্রাফি কেন্দ্র (High NA EUV Lithography Center) তৈরি করার মাধ্যমে নিউ ইয়র্কের ক্যাপিটাল রিজিয়নে আধুনিক সেমিকন্ডাক্টর গবেষণার ভবিষ্যৎ নিয়ে আসবে, যা কিছুদিন আগে 825 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পেয়েছে এবং CHIPS and Science Act-এর অধীনে CHIPS for America EUV অ্যাক্সিলারেটর হিসেবে স্বীকৃতি পেয়েছে।

নিউ ইয়র্কে একটি শক্তিশালী সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি আছে যা 156টির বেশি সেমিকন্ডাক্টর এবং সাপ্লাই চেইন কোম্পানিকে সমর্থন করে যেখানে 34,000-এর বেশি নিউ ইয়র্কবাসী চাকরি করে। গভর্নর হোকলের প্রয়াসের কারণে, মাইক্রন, গ্লোবালফাউন্ড্রিজ (GlobalFoundries), অ্যাডভান্সড মাইক্রো ডিভাইসেস (Advanced Micro Devices, AMD), এডওয়ার্ডস ভ্যাকুয়াম (Edwards Vacuum), মেনলোমাইক্রো (MenloMicro) এবং TTM টেকনোলজিসের (TTM Technologies) মতো সেমিকন্ডাক্টর ব্যবসা এবং সরবরাহ চেইন কোম্পানি নিউ ইয়র্কে নিজেদের উপস্থিতি সম্প্রসারিত করতে যে মুখ্য বিনিয়োগ করছে তা পেয়ে শিল্পখাতটি বিকশিত হওয়া অব্যাহত রাখছে। প্রকৃতপক্ষে, বিগত দুই বছরে চিপ কোম্পানিগুলি নিউ ইয়র্কে পরিকল্পিত ক্যাপিটাল বিনিয়োগ হিসেবে 112 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করেছে, যা অন্য যেকোনো স্টেটের থেকে বেশি, এবং U.S.-এ উৎপাদিত প্রতি চারটি চিপের মধ্যে একটি আপস্টেট নিউ ইয়র্কের 350 মাইলের মধ্যে উৎপাদিত হবে। দেশের অন্য কোনো অঞ্চলে অভ্যন্তরীণ উৎপাদনের এর থেকে বড় অংশ থাকবে না।

দেশের অর্থনৈতিক শক্তির জন্য সেমিকন্ডাক্টর অত্যাবশ্যকীয়, এটি আধুনিক ইলেকট্রনিক্সের মস্তিষ্ক হিসেবে কাজ করে, এবং মার্কিন যুক্তরাষ্ট্র রের অর্থনৈতিক বিকাশ, জাতীয় নিরাপত্তা, এবং বৈশ্বিক প্রতিযোগিতামূলক মনোভাবের জন্য অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তি সম্ভব করে। শিল্পখাতটি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রত্যক্ষভাবে 300,000 ব্যক্তিকে চাকরি প্রদান করে এবং 1.8 মিলিয়নের বেশি অতিরিক্ত অভ্যন্তরীণ চাকরিকে সমর্থন করে। সেমিকন্ডাক্টর মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ পাঁচটি রপ্তানির মধ্যে একটি, এবং শিল্পখাতটি শ্রম উৎপাদনশীলতার ক্ষেত্রে অবদান রাখার

ব্যাপারে এক নম্বরে আছে, এবং কৃষিকাজ থেকে প্রস্তুতকরণ পর্যন্ত প্রায় সকল অর্থনৈতিক খাতের কার্যকারিতা ও দক্ষতার উন্নতি করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন